১৫ সেপ্টেম্বর, ২০২৫

# যুক্তরাষ্ট্র থেকে আমদানি বাড়াতে প্রস্তুত বাংলাদেশ: প্রধান উপদেষ্টা




সংগৃহীত ছবি

বাংলাদেশ-মার্কিন বাণিজ্য সম্পর্ক জোরদার ও বাণিজ্য ঘাটতি কমাতে যুক্তরাষ্ট্র থেকে কৃষিপণ্য, এলপিজি ও সিভিল এয়ারক্রাফট আমদানির আগ্রহ জানিয়েছে ঢাকা। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আশা প্রকাশ করেছেন, এতে অতিরিক্ত শুল্ক ছাড় পাওয়া সম্ভব হবে।

বাংলাদেশ-মার্কিন বাণিজ্য সম্পর্ক আরও গভীর করতে যুক্তরাষ্ট্র থেকে আমদানি বাড়ানোর প্রস্তুতির কথা জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সোমবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে যুক্তরাষ্ট্রের সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডান লিঞ্চের সঙ্গে বৈঠকে এ বক্তব্য দেন তিনি।

বৈঠকে দুই দেশের বাণিজ্য ঘাটতি কমানো ও ভবিষ্যৎ বাণিজ্য কৌশল নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের কৃষিপণ্য—বিশেষ করে তুলা ও সয়াবিন—আমদানিতে আগ্রহ প্রকাশ করা হয়। একইসঙ্গে জ্বালানি খাতে সহযোগিতা জোরদার করার অংশ হিসেবে যুক্তরাষ্ট্র থেকে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানির বিষয়ও আলোচনায় উঠে আসে। এছাড়া সিভিল এয়ারক্রাফট ক্রয়, মাদক নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং রোহিঙ্গা সংকট ইস্যুতেও মতবিনিময় হয়।

প্রধান উপদেষ্টা ড. ইউনূস বলেন, বাংলাদেশ আমদানি বাড়াতে প্রস্তুত, এবং এর ফলে দেশ আরও শুল্ক ছাড় পাবে বলে আশা করা হচ্ছে।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশীর উদ্দিন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান, দক্ষিণ এশিয়া বিষয়ক ইউএসটিআর পরিচালক এমিলি অ্যাশবি, এসডিজি বিষয়ক সিনিয়র সচিব লামিয়া মুরশেদ, বাণিজ্য সচিব মাহবুবুর রহমান এবং যুক্তরাষ্ট্রের চার্জ দ্য অ্যাফেয়ার্স ট্রেসি অ্যান জ্যাকবসন।

LENS ASIA